

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৪(আগরতলা, ১৬।০৪)

আমবাসা, ১৬ এপ্রিল, ২০ ১৮

আমবাসায় বস্ত্র বিতরণ

আমবাসা ছিন্নমস্তা চড়ক মেলা কমিটির উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় গত ১৪ এপ্রিল সন্ধ্যায় আমবাসা পি ডব্লিউ ডি পুরাতন কার্যালয়ের সন্নিহিত বসন্ত উৎসব, গুণীজন সংর্বধনা এবং বস্ত্র বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিধায়ক পরিমল দেববর্মা প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আমবাসা ছিন্নমস্তা চড়ক মেলা কমিটির সম্পাদক উত্তম অধিকারী, সভাপতি সুবল দেব, এলাকার বিশিষ্ট সমাজসেবী গোপাল সূত্রধর, ধলাই জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উপ-অধিকর্তা পাইমং মগ, ধলাই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের আই সি ও গৌতম দাস, আমবাসা প্রেস ক্লাবের সম্পাদক রতন সাহা, প্রাক্তন শিক্ষিক লালহরি শর্মা, এলাকার বিশিষ্ট শিল্পী অপর্ণা চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে বিধায়ক পরিমল দেববর্মা, আমবাসা প্রেস ক্লাবের সভাপতি, সম্পাদক ও অন্যান্য সদস্যদের, প্রাক্তন শিক্ষক, বিশিষ্ট শিল্পী, ব্যবসায়ী এবং অন্যান্য গুণীজনদের সংর্বধনা দেওয়া হয়। আমবাসা ছিন্নমস্তা চড়ক মেলা কমিটির পক্ষ থেকে এলাকার ৬০ জন বয়স্ক ও গরীব মানুষের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানের অতিথিগণ তাদের হাতে বস্ত্র তুলে দেন।

অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক পরিমল দেববর্মা বলেন, রাজ্য সরকার রাজ্যের জনগণের কল্যাণে এবং কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে পদক্ষেপ নিয়েছে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আমবাসা প্রেস ক্লাবের সম্পাদক রতন সাহা ও সদস্য পরেশ্বর বিশ্বাস। স্বাগত ভাষণ দেন আমবাসা ছিন্নমস্তা চড়ক মেলা কমিটির সম্পাদক উত্তম অধিকারী। বসন্ত উৎসব উপলক্ষ্যে জেলার বিভিন্ন এলাকার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।
